

তারিখ-০১/০১/২০২১ খ্রিঃ

বরাবর

প্রধান শিক্ষক

(ক) উচ্চ বিদ্যালয়

কুলাউড়া, মৌলভাবাজার।

বিষয়ঃ ছাড়পত্রের জন্য আবেদন।

জনাব

সবিনয় বিনীত নিবেদন এই যে, আমি জুয়েল আহমদ, আপনার বিদ্যালয়ের নবম শ্রেণির একজন নিয়মিত ছাত্র। আমার পিতা একজন সরকারী চাকরিজীবী। তাঁর বর্তমান কর্মস্থল কুলাউড়া উপজেলা হতে শ্রীমঙ্গল উপজেলায় বদলি হওয়ায় আপনার বিদ্যালয়ে অধ্যয়ন করা সম্ভব হবে না।

অতএব, মহোদয়ের নিকট আকুল প্রার্থনা যে, আমার উপরোক্ত সমস্যার বিষয়টি বিবেচনা করতঃ সকল বকেয়া বেতন ও ফি পরিশোধ পূর্বক আমাকে ছাড়পত্র প্রদানের জন্য আপনার সদয় মর্জি কামনা করছি।

বিনীত

আপনার একান্ত বাধ্যগত

(জুয়েল আহমদ)

শ্রেণী- নবম

বিভাগ- বিজ্ঞান

রোল নং- ০১